

ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।



স্মারক নং-৫৯.১১.০০০০.১৫৫.৫৬.০০১.২০-২৭


তারিখঃ ২৮/০৫/২০২১ খ্রিঃ।

শোকবার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি ঐর মাতা বেগম ফৌজিয়া মালেক ২৭ মে ২০২১ তারিখ, বৃহস্পতিবার সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় রাজধানীর এ. এম. জেড. হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্মাল্লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে মরহমার বয়স হয়েছিল ৮৪ বছর। তাঁর দুঃখজনক মৃত্যুতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।

বেগম ফৌজিয়া মালেক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন এবং ব্যক্তিজীবনে তিনি অত্যন্ত ধার্মিক, মানবদরদী ও সমাজসেবক ছিলেন। সামাজিক ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে তাঁর অসামান্য অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর পক্ষে আমরা তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং মরহমার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জানাচ্ছি।

মহান আল্লাহ রাব্বুল আল-আমিন তাঁকে জান্নাতুল ফেরদাউস নসীব করুন। আমিন।


২৮.০৫.২০২১

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোনঃ ৫৫০১২৩৪১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল),ইউনিট, অত্র অধিদপ্তর।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),বিভাগ।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। পরিচালক (এমসিএইচটিআই/এমএফএসটিসি), আজিমপুর/লালকুঠি/মোহাম্মদপুর, ঢাকা।
- ৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল).....জেলা।
- ৯। মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল).....মা ও শিশু কল্যাণ কেন্দ্র।
- ১০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি),.....উপজেলা.....জেলা।
- ১১। বেগম বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট। (পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।